

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা যুব উন্নয়ন অফিসারের কার্যালয়
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

স্মারক নং- ১০৩

তারিখ : ১৪ ডিসেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ।

স্থায়ী কমিটির সভার নোটিশ :

এতদ্বারা অত্র উপজেলার উপজেলা যুব ও ক্রীড়া বিষয়ক স্থায়ী কমিটির সম্মানিত সদস্যবৃন্দকে জানানো যাচ্ছে যে, অত্র কমিটির দ্বিমাসিক সভা আগামী ২০ ডিসেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ তারিখ সময়ঃ দুপুর ০২.০০ ঘটিকায় উপজেলা পরিষদ সভাকক্ষে জনাব মোঃ রফিকুল্লাহমান, উপজেলা ভাইস চেয়ারম্যান এর সভাপতিত্বে অনুষ্ঠিত হবে।

আপনাকে উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয় :

- ১। গত সভার মন্তব্য পাঠ ও অনুমোদন।
- ২। অর্থ সংক্রান্ত।
- ৩। উন্নয়ন মূলক।
- ৪। অপারেশনাল।
- ৫। বিবিধ।

প্রাপক

জনাব.....

নাগেশ্বরী, কুড়িগ্রাম।



(মোঃ মন্জুর আলম)

সদস্য সচিব

উপজেলা যুব ও ক্রীড়া বিষয়ক কমিটি
ও

উপজেলা যুব উন্নয়ন অফিসার
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

স্মারক নং-উয়ুউঅ/নাগ/কুড়ি/২০২১/

তারিখ :

সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

- ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
- ২। উপজেলা নিবাহী অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
- ৩। অফিস কপি।

স্বাক্ষর

(মোঃ মন্জুর আলম)

সদস্য সচিব






উপজেলা উপজেলা যুব ও ক্রীড়া বিষয়ক কমিটি
ও

উপজেলা যুব উন্নয়ন অফিসার
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা যুব উন্নয়ন অফিসারের কার্যালয়
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

- বিষয় : উপজেলা যুব ও ক্রীড়া বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী।
সভাপতি : মোঃ রুকনুজ্জামান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী।
তারিখ : ২০ ডিসেম্বর ২০২১ খ্রিঃ, সময় : দুপুর ০২.০০ টা
স্থান : উপজেলা যুব উন্নয়ন অফিসারের কার্যালয়, নাগেশ্বরী, কুড়িগ্রাম।

উপস্থিতি স্বাক্ষর :

ক্রঃ নং	নাম	পদবী	স্বাক্ষর	মন্তব্য
১	মোঃ রুকনুজ্জামান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী কুড়িগ্রাম।	সভাপতি	 ২০-১২-২১	
২	চেয়ারম্যান, বামনডাঙ্গা ইউপি, নাগেশ্বরী কুড়িগ্রাম।	সদস্য		
৩	উপজেলা নির্বাচন অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম।	সদস্য	 ২০-১২-২১	
৪	উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম।	সদস্য		
৫	উপজেলা যুব উন্নয়ন অফিসার নাগেশ্বরী, কুড়িগ্রাম।	সদস্য সচিব	 ২০-১২-২১	

আলোচ্য বিষয় :

- ১। গত সভার মন্তব্য পাঠ ও অনুমোদন।
- ২। অর্থ সংক্রান্ত।
- ৩। উন্নয়ন মূলক।
- ৪। অপারেশনাল।
- ৫। বিবিধ।

আলোচনা ও সিদ্ধান্ত ৪-

১ নং বিষয়ে আলোচনা শুরু হলে উপজেলা যুব উন্নয়ন অফিসার গত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।

সিদ্ধান্ত ৪ গত সভার কার্যবিবরণীর উপর বিস্তারিত আলোচনান্তে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।

২ নং বিষয়ে আলোচনা শুরু হলে উপজেলা যুব উন্নয়ন অফিসার তিনি জানান যে, বর্তমান সময়ের বড় চ্যালেঞ্জ বেকারত্ব। আত্মকর্মসংস্থান সৃষ্টিতে যুবদের প্রশিক্ষণ নিতে হবে। যুব উন্নয়ন অধিদপ্তর বেকার যুবদের প্রশিক্ষণ দিয়ে দক্ষ করে গড়ে তুলছেন। তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন।

৩নং বিষয়ে আলোচনা শুরু হলে তিনি জানান, অত্র উপজেলার বেকার যুবকদের বিভিন্ন আত্ম কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে প্রশিক্ষণ ও ঋণ প্রদান কার্যক্রম অব্যাহত আছে। প্রশিক্ষণ ও ঋণ গ্রহণ করে অনেকেই স্বাবলম্বী হয়েছেন। এর ফলে বেকারত্বের প্রভাব কমবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

৪ নং বিষয়ে আলোচনা শুরু হলে চেয়ারম্যান, বামনডাঙ্গা ইউপি জানান যে, তার ইউনিয়ন চর ও নদী বেষ্টিত হওয়ায় কর্মহীন লোকজনের সংখ্যা বেশি। তাই তার ইউনিয়নে মাঠ পর্যায়ে বেকার যুবকদের কর্মসংস্থান ও বিভিন্ন প্রশিক্ষণের আরো ব্যবস্থা গ্রহণ করার প্রয়োজন। যাতে তারা স্বাবলম্বী হতে পারে।

৫ নং বিবিধ বিষয়ে অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্য সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ রুকনুজ্জামান)

ভাইস চেয়ারম্যান,

উপজেলা পরিষদ, নাগেশ্বরী কুড়িগ্রাম।